



যুক্তরাষ্ট্র-ইরান ইস্যুতে সৌদিতে শাহবাজ-প্রিন্স সালমান বৈঠক



পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান। ছবি : সংগৃহীত

মধ্যপ্রাচ্যের উত্তেজনাপূর্ণ পরিস্থিতি প্রশমনে কূটনৈতিক তৎপরতা জোরদার করতে সৌদি আরব সফর করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। বুধবার (১৫ এপ্রিল) জেদ্দায় তিনি সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠকে বসেন, যেখানে আঞ্চলিক সংকট ও চলমান যুদ্ধ পরিস্থিতি নিয়ে বিস্তৃত আলোচনা হয়। সৌদি প্রেস এজেন্সির (এসপিএ) তথ্য অনুযায়ী, বৈঠকে আন্তর্জাতিক ও আঞ্চলিক নানা ইস্যুর পাশাপাশি যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান আলোচনাও গুরুত্ব পায়। মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে ধারাবাহিক কূটনৈতিক উদ্যোগের প্রয়োজনীয়তার ওপর জোর দেন সৌদি যুবরাজ। একই সঙ্গে এ প্রক্রিয়ায় পাকিস্তানের ভূমিকার প্রশংসা করেন তিনি এবং প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও সেনাপ্রধান জেনারেল আসিম মুনিরের কূটনৈতিক প্রচেষ্টাকে স্বীকৃতি দেন। বিশ্লেষকদের মতে, পাকিস্তানের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল বর্তমানে ইরানে অবস্থান করায় এই সময়ের সৌদি সফরটি বিশেষ তাৎপর্য বহন করছে। যদিও বৈঠকের বিস্তারিত এখনো প্রকাশ করা হয়নি, তবে এটি যুক্তরাষ্ট্র-ইরান সংলাপ এগিয়ে নেওয়ার প্রচেষ্টার অংশ হিসেবেই দেখা হচ্ছে। মূলত ইরান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা এবং গাজার পরিস্থিতি ঘিরে চলমান সংকট মোকাবেলায় পাকিস্তান মধ্যস্থতার চেষ্টা চালিয়ে যাচ্ছে। এই ধারাবাহিক কূটনৈতিক উদ্যোগের অংশ হিসেবে সৌদি আরব সফর শেষে কাতার ও তুরস্ক সফরেরও পরিকল্পনা রয়েছে শাহবাজ শরিফের।